

০ ৬৪
MAM

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু ॥ ছাত্র-শিক্ষকের দুর্ভোগ

॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥
ভর্তিচ্ছুদের নানা দুর্ভোগের মধ্য দিয়ে রবিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে ২০০৭-০৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা। প্রথম দিনে সমাজবিজ্ঞান অনুষদের ভর্তি পরীক্ষায় এক ভর্তিচ্ছুকে সহযোগিতা করতে এসে পরীক্ষার হাশে ধরা পড়েছে বিশ্ববিদ্যালয়ের এক ছাত্র। নগরীর নাসিরাবাদ মহিলা কলেজে প্রায় দু'শ ভর্তিচ্ছুর সীট পড়লেও এদের অধিকাংশই ক্যাম্পাসে চলে যায়। এদের মধ্যে কয়েক জনের ভর্তি পরীক্ষা সমাজ বিজ্ঞান অনুষদ ভবনে গ্রহণ করা হয়। এছাড়া পরিবহন সংকটের কারণে দুর্ভোগে পড়ে ভর্তিচ্ছু অভিভাবকসহ প্রায় ২০

হাজার যুবক।
জামিম হোসেন নামের এক ছাত্র সুন্দর দিনাজপুর থেকে ভর্তি পরীক্ষা দিতে এসেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে। সকালে নগরীর জিইসি মোড়ে মেঝে একটি সিএনজি টায়ারি ভাঙা করে ভর্তি পরীক্ষা দিতে বিশ্ববিদ্যালয় যায়। তার সাথে কথা বলে জানা যায় জিইসি মোড় থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত টায়ারি ভাঙা ১০০ থেকে ১২০ টাকা হলেও তার কাছ থেকে ৩৫০ টাকা ভাড়া নেয়া হয়েছে।

প্রশ্নের প্রফেসর ড. জসীমউদ্দিন জানান, নরুস সালাম নামের অধিনীতি ২য় বর্ষের এক ছাত্র প্লাজটার রহমান নামে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। যার রোল নং ৯২৩৫৯। পরীক্ষার হাশে কর্তব্যরত এক শিক্ষক বিষয়টি জানতে পেরে তার উত্তরপত্র বাতিল করে প্রশ্নের নিকট স্যোপর্দ করে।

পরীক্ষার আসন বিন্যাস
কলা অনুষদে ভর্তি পরীক্ষার আসন বিন্যাস করা হয়েছে। আগামী ১০ জানুয়ারি উক্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। আসন বিন্যাস রোল নং-১০০০১ থেকে ১২৯২০ পর্যন্ত কলা অনুষদে, রোল নং ১৩০০১ থেকে ১৫৫১৭ পর্যন্ত সরকারী বাণিজ্য কলেজ (আম্রাবাদ), রোল নং ১৫৫১৮ থেকে ১৬৭৮২ পর্যন্ত ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ, রোল নং ১৬৭৮৩ থেকে ১৮৬৬১ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবন, রোল নং ১৮৬৬২ থেকে ২২২১৩ পর্যন্ত ব্যবসায় প্রশাসন ভবন, রোল নং ২২২১৪ থেকে ২১৩৬৩ পর্যন্ত সমাজ বিজ্ঞান ভবন, রোল নং ২১৩৬৪ থেকে ২১৮৭২ পর্যন্ত আইন অনুষদ ভবন, রোল নং ২১৮৭৩ থেকে ২২২০০ পর্যন্ত চবি কলেজ, রোল নং ২৬২০১ থেকে ২৭০১৯ পর্যন্ত চবি স্কুল এবং রোল নং ২৭০২০ থেকে ২৯৯৪৩ পর্যন্ত ফার্মেসি ইনস্টিটিউটে অনুষ্ঠিত হবে।